



অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
DEPARTMENT OF DRAWING & PAINTING
Faculty of Fine Art, University of Dhaka, Dhaka-1000
Bangladesh. Phone : +8809666414299. Extn. 8900, 8901
E-mail: drawing_painting@du.ac.bd, www.painting-du.com

No. Date

ভর্তি বিজ্ঞপ্তি

অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত মাস্টার্স (২ বছর মেয়াদি)
প্রোগ্রামে আসন শূণ্য থাকা সাপেক্ষে।

২০২৩-২০২৪ সেশনে অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আসন শূণ্য থাকা সাপেক্ষে নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে (দুই বছর মেয়াদি) ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয় (ইউজিসি অনুমোদিত) থেকে যে কোনো বিষয়ে চার বছর মেয়াদি বিএফএ ডিগ্রিপ্ৰাপ্ত শিক্ষার্থীরা ভর্তি যোগ্যতা ও শর্ত পূরণ করে আবেদন করতে পারবেন। আগ্রহী প্রার্থীদের আগামী ২৮-১১-২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে নির্ধারিত ভর্তি ফরম-এ আবেদন করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিকৃত শিক্ষার্থীরা আবাসিক সুবিধা পাবে না।

যোগাযোগ: ০১৭৩২১৭৮৮৪৯

১. পরীক্ষার প্রয়োজনীয় কাগজপত্রসহ বিভাগের অফিসে যোগাযোগ করে অথবা ওয়েব পেইজ থেকে ডাউনলোড করে <https://painting-du.com>, <https://www.du.ac.bd/body/DDP> (নোটিশ বোর্ড) নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে হবে।
২. পরীক্ষার প্রবেশপত্র ই-মেইলে পাঠানো হবে।

৩. ভর্তি পরীক্ষা:

অঙ্কন ও নির্মাণ বিষয়ে পরীক্ষা:	৪০ নম্বর	০৫-১২-২০২৪ তারিখ সকাল ১০টা থেকে ১১টা (১ ঘন্টা)
লিখিত পরীক্ষা:	৩০ নম্বর	০৫-১২-২০২৪ তারিখ সকাল ১১টা থেকে ১১.৩০মিনিট (৩০মিনিট)
মৌখিক পরীক্ষা:	৩০ নম্বর	০৫-১২-২০২৪ তারিখ দুপুর ২টা থেকে বিকাল ৩টা (১ ঘন্টা)

৪. ভর্তির ফলাফল প্রকাশ : ২৪-১২-২০২৪ তারিখ

৫. ভর্তি : ৩০-১২-২০২৪ তারিখ

৬. ক্লাস শুরু : ০১-০১-২০২৫ তারিখ

৭. ভর্তি আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র ও শর্তবালী:

- ৭.১. অসম্পূর্ণ আবেদনপত্র ভর্তির জন্য বিবেচিত হবে না।
- ৭.২. জাতীয় পরিচয়পত্রের/জন্ম নিবন্ধনের অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭.৩. এসএসসি, এইচএসসি, বিএফএসহ সকল পরীক্ষার সার্টিফিকেট এবং সকল বর্ষের/সেমিস্টারের মার্কসিটের অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭.৪. সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ৭.৫. ভর্তি পরীক্ষার আবেদন ফি বাবদ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা জমা দিতে হবে (অনলাইনের ক্ষেত্রে বিকাশে ৩,৫৬০/- (তিন হাজার পাঁচশত ষাট) টাকা পেমেন্ট করতে হবে। পেমেন্টের স্ক্রিনশটের কপি বিভাগের অফিসে জমা দিতে হবে। বিকাশ নম্বর : ০১৭৩২১৭৮৮৪৯।
- ৭.৬. আবেদনপত্রের সাথে নিজ শিল্পকর্ম সম্পর্কে লিখিত বক্তব্যসহ একটি পোর্টফোলিও A4 সাইজ জমা দিতে হবে। পোর্টফোলিওতে নূন্যতম দশটি শিল্পকর্মের ইমেজ থাকতে হবে।



অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
DEPARTMENT OF DRAWING & PAINTING
Faculty of Fine Art, University of Dhaka, Dhaka-1000
Bangladesh. Phone : +8809666414299. Extn. 8900, 8901
E-mail: drawing_painting@du.ac.bd, www.painting-du.com

No. Date

৭.৭. বিদেশী ডিগ্রির ক্ষেত্রে আবেদনের পূর্বেই ডিগ্রির সমতা নিরূপণের জন্য বিভাগীয় অফিসে সরাসরি আবেদন করতে হবে।

৮. ভর্তি যোগ্যতা:

- ৮.১. মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম চার বছর মেয়াদি যে কোনো বিষয়ে বিএফএ ডিগ্রিপ্ৰাপ্ত শিক্ষার্থীরা নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে আসন শূণ্য থাকা সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। মাস্টার্স প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে প্রার্থীর বয়স ও শিক্ষাবর্ষের কোনো সীমাবদ্ধতা নাই।
- ৮.২. প্রার্থীদের মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৬.৫, স্বতন্ত্রভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ হতে হবে।
- ৮.৩. প্রার্থীদের স্নাতক পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.২৫/দ্বিতীয় বিভাগে ৫৫% নম্বর থাকতে হবে।
- ৮.৪. স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরাও ভর্তির জন্য আবেদন করতে পারবেন।
- ৮.৫. বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরা অনুষদ কর্তৃক ডিগ্রির সমতা নিরূপণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।
- ৮.৬. বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে (বিদেশি ডিগ্রিদারী) স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরা অনুষদ কর্তৃক সকল ডিগ্রির সমতা নিরূপণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।